



জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২১/২৫৪১

তারিখ: ১০/০৪/২০২২


২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সেসমূহে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন কার্ড ইস্যু সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সেসমূহে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ১০ এপ্রিল ২০২২ তারিখ বিকাল ৪টা থেকে অনলাইনে ইস্যু করা হবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ নিম্নোক্ত করণীয় ও সময়সূচি অনুসরণ করে ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করতে পারবেন।

রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করার নিয়মাবলী

| ক্রমিক | করণীয় | তারিখ |
|--------|--|----------------------------------|
| ১। | অনলাইনে ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করে প্রিন্ট নেয়ার তারিখ: ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সেসমূহে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করতে সংশ্লিষ্ট কলেজসমূহকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions/regicard) লিঙ্কে যেতে হবে। পরবর্তীতে College Login অপশনে গিয়ে (ক্রমিক-২ এর নির্দেশনা অনুযায়ী প্রাপ্ত) User ID ও Password ব্যবহার করে রেজিস্ট্রেশন কার্ড Download করে প্রিন্ট নিতে হবে। কলেজ কর্তৃপক্ষকে রেজিস্ট্রেশন কার্ডের প্রিন্ট কপিতে প্রদর্শিত সকল তথ্য ও ছবি মিলিয়ে দেখতে হবে। সকল তথ্য ও ছবি সঠিক থাকলে রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থী এবং কলেজ অধ্যক্ষ নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করবেন। এছাড়াও শিক্ষার্থীর ছবির উপর সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ স্বাক্ষর ও সিল প্রদান করবেন। এখানে উল্লেখ্য যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে কোন শিক্ষার্থী নিজ ছবি ব্যতীত অন্যের ছবি দিয়ে ভর্তি হয়ে থাকলে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে। | ১০/০৪/২০২২ থেকে ১১/০৫/২০২২ |
| ২। | পাসওয়ার্ড সংক্রান্ত নির্দেশাবলী: যে সকল কলেজ রেজিস্ট্রেশন কার্ড Download করার জন্য Password সংগ্রহ করে নাই তাদেরকে কলেজ কোড, কলেজের নাম, ঠিকানা, নিবন্ধিত মোবাইল নম্বর ও সঠিক ই-মেইল এ্যাড্রেসসহ ডিন দপ্তরের অফিসিয়াল ই-মেইল (deanug@nubd.info) এ আবেদন পত্র প্রেরণ করতে হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট কলেজের ই-মেইলে User ID, Password প্রেরণ করা হবে। উল্লেখ্য যে, ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে রেজিস্ট্রেশন কার্ড ডাউনলোড করার জন্য সংশ্লিষ্ট কলেজসমূহে যে User ID ও Password দেয়া হয়েছে তা বহাল থাকবে। | |
| ৩। | উল্লেখ্য যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে বা তৎপূর্বে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে কোন ফি বকেয়া থাকলে সংশ্লিষ্ট কলেজে রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না। | |


বি: দ্র: ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে ইস্যুকৃত রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থীর নিজের নাম/পিতা-মাতার নামে কোন ভুল থাকলে কার্ড ইস্যুর পরবর্তী এক মাসের মধ্যে তা সংশোধনের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে হবে।


১০/০৪/২০২২

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)
ডিন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ০২-৯৯৬৬৯১৫৬৮, ০২-
৯৯৬৬৯১৫৮৪
ই-মেইল- deanug@nubd.info
তারিখ: ১০/০৪/২০২২

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২১/২৫৪১

- ১। সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ২। সচিব, ভাইস-চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। অফিস কপি


১০/০৪/২০২২

(মো: কামরুল ইসলাম)
উপ-রেজিস্ট্রার (সম্মান)
স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪